ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৬৪

বিলোনীয়া, ১ আগস্ট, ২০২৫

**মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় আইসবক্স প্রদান**

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় গত অর্থবছরে মৎস্য দপ্তরের বার্ষিক কর্ম পরিকল্পনার অংশ হিসাবে দক্ষিণ ত্রিপুরা জেলায় মোট ৪২ জন জেলা এবং মাছ বিক্রেতাকে মাছ বিক্রির সুবিধার্থে আইসবক্স প্রদান করা হয়েছে। এরমধ্যে শান্তিরবাজার মহকুমার ১৬ জন, সাব্রুম মহকুমার ৮ জন এবং বিলোনীয়া মহকুমায় রয়েছে ১৮ জন। আইসবক্স প্রদানে মোট ব্যয় হয়েছে ১ লক্ষ ৬৮ হাজার টাকা। বিলোনীয়াস্থিত মৎস্য দপ্তরের উপঅধিকর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****